গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ব্যবস্থাপনা পরিচালক, খুলনা ওয়াসা

এবং

সচিব, স্থানীয় সরকার বিভাগ- এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৭ - জুন ৩০, ২০১৮

# সুচিপত্র


উপক্রমণিকা........................................................................................................ ০৩

খুলনা ওয়াসার কর্মসম্পাদনের সার্বিক চিত্র .................................................................... ০৪

সেকশন ১: রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি.... ০৫

সেকশন ২: খুলনা ওয়াসার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)............ ০৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ....... ০৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ..................................................................... ১১

সংযোজনী ২: কর্মসম্পদন সূচকসমূহ, বাসত্মবায়নকারী সংস্থা এবং পরিমাপ পদ্ধতি ...................... ১২

সংযোজনী ৩: কর্মসম্পদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার উপর নির্ভরশীলতা............................................. ১৩

# উপক্রমণিকা (Preamble)

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন খুলনা পানি সরবরাহ ও পয়:নিষ্কাশন কর্তৃপক্ষ (খুলনা ওয়াসা) এর ব্যবস্থাপনা পরিচালক

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসেবে সচিব স্থানীয় সরকার বিভাগ-এর মধ্যে ২০১৭ সালের ......... মাসের ....... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

# খুলনা ওয়াসার কর্মসম্পাদনের সার্বিক চিত্র

# (Overview of the Performance of the Khulna WASA)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা:**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর ) প্রধান অর্জনসমূহ:**

খুলনা পানি সরবরাহ ও পয়:নিষ্কাশন কর্তৃপক্ষ (খুলনা ওয়াসা) এর মূল লক্ষ্য হচ্ছে আওতাভুক্ত এলাকায় আবাসিক, বাণিজ্যিক ও শিল্প প্রতিষ্ঠানে নিরাপদ সুপেয় পানি সরবরাহের উদ্দেশ্যে ও পরিবেশবান্ধব পয়:নিষ্কাশন ব্যবস্থার জন্য প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ, উন্নয়ন, পরিচালন ও রক্ষণাবেক্ষণ। পানির বিল আদায়ের ক্ষেত্রে কম্পিউটারাইজড বিলিং সিস্টেম চালু করে সময়মত বিল প্রেরণ ও স্বচ্ছ হিসাব ব্যবস্থার মাধ্যমে গ্রাহক সেবার মান উন্নত করা হয়েছে। সিটিজেন চার্টার প্রণয়নের মাধ্যমে নির্ধারিত সময়সূচী অনুযায়ী গ্রাহক সেবা প্রদানের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বিগত ৩ বছরে উৎপাদক নলকূপ স্থাপন করে এবং ভূ-গর্ভস্থ পানির উপর শতভাগ নির্ভরশীলতা থেকে ক্রমান্বয়ে ভূ-উপরিস্থ পানির সরবরাহ বৃদ্ধি করার লক্ষে প্রথম উদ্যোগ হিসেবে দৈনিক ৫.৫ মিলিয়ন লিটার ক্ষমতা সম্পন্ন একটি সারফেস ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট স্থাপন করে পানির উৎপাদন ৪০% থেকে বৃদ্ধি করে ৪৯.৭৯% এ উন্নীত করা হয়েছে। পানির অপচয় রোধ করে নন-রেভিনিউ ওয়াটার হ্রাস কল্পে বিদ্যমান মাসিক ফ্লাট রেট এর পরিবর্তে পানির প্রকৃত ব্যবহার অনুযায়ী বিল নির্ধারণের লক্ষ্যে মিটার স্থাপনের কাজ শুরু করা হয়েছে এবং ৫০% গ্রাহকের মিটার স্থাপন করা হয়েছে। ওয়ানস্টপ সার্ভিস সেন্টারের মাধ্যমে গ্রাহক সেবা সংক্রান্ত সমস্যা ও অভিযোগ পাওয়ার পর দ্রুত প্রতিকারের জন্য কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

জলবায়ু পরিবর্তন জনিত কারণে খুলনা অঞ্চলে ভূ-গর্ভস্থ ও ভূ-উপরিস্থ পানিতে লবণাক্ততা দিন দিন বৃদ্ধি হওয়ার পরিপ্রেক্ষিতে সুপেয় নিরাপদ পানি সরবরাহ নিশ্চিতকরণ। খুলনা ওয়াসা নতুন প্রতিষ্ঠান হিসেবে অভিজ্ঞতা সম্পন্ন দক্ষ কারিগরী জনবলের অভাব। গ্রাহকের চাহিদা অনুযায়ী সুপেয় পানি সরবরাহের কাভারেজ ১০০% এ উন্নিত করা এবং সকল পর্যায়ে তথ্য প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার করে স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠার মাধ্যমে গ্রাহকের সন্তোষ্টি অর্জন।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

২০২২ সালের মধ্যে ভূ-উপরিস্থ ও ভূ-গর্ভস্থ পানি সরবরাহের অনুপাত ৮০:২০ এ উন্নীত করার জন্য খুলনা পানি সরবরাহ প্রকল্প ফেজ-২ প্রকল্প গ্রহণের কার্যক্রম শুরু করা হবে। পরিবেশ বান্ধব পয়:নিষ্কাশন ব্যবস্থার অবকাঠামো নির্মাণের লক্ষে ফিজিবিলিটি স্টাডি ও মাস্টার প্লান সম্পন্ন করা হয়েছে। সেই আলোকে প্রকল্প প্রণয়ন করে ২০১৮-১৯ অর্থ বছরে বাস্তবায়ন করার কার্যক্রম গ্রহণ করা হবে। সংস্থার সকল কার্যক্রম তথা গ্রাহক সেবা প্রদানে ডিজিটাল প্রযুক্তি সমৃদ্ধ এমআইএস সিস্টেম (কাস্টমার বিলিং, একাউন্টিং, ইনভেন্টরি, পে-রোল ইত্যাদি) সেপ্টেম্বর ২০১৭ এর মধ্যে চালু করা হবে।

**২০১৭-১৮ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ১০০৫টি হোল্ডিং এ পানির সংযোগ প্রদান।
- ৭০ কি:মি: পাইপ লাইন স্থাপন।
- নিরাপদ পানি উৎপাদন ও সরবরাহ ১২২.৫০ এম এল ডি-তে উন্নীত করা।
- সারফেস ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট নির্মাণ কাজ ৪০% সম্পন্ন করা।
- ৮৪টি পানির গুণগত মান পরীক্ষা করা।
- ১০টি গভীর উৎপাদক নলকূপ স্থাপন।
- পাইপ লাইনে ৯৫টি লিক মেরামত।
- মিটারবিহীন ৭০% গ্রাহকের পানির সংযোগে মিটার স্থাপন।
- ডিমান্ড বিলের ৯৬% রাজস্ব আদায় ।

# সেকশন ১:

খুলনা ওয়াসার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

## **১.১ রূপকল্প** (Vision):

নিরাপদ পানি সরবরাহ ও উন্নত পয়ঃনিষ্কাশন ব্যবস্থার মাধ্যমে গ্রাহক সেবার সন্তোষ্টি অর্জন।

## ১.২ অভিলক্ষ্য (Mission):

আধুনিক পরিকল্পনা, দক্ষ পরিচালনা, রক্ষণাবেক্ষণ, মানব সম্পদ উন্নয়ন ও প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি করে নিরাপদ পানি সরবরাহ এবং পরিবেশ বান্ধব পয়ঃনিষ্কাশন ব্যবস্থার মাধ্যমে সর্বোত্তম সেবা প্রদান।

## **১.৩.১ খুলনা ওয়াসার** কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

১. নিরাপদ পানি সরবরাহের লক্ষে পাইপ লাইন স্থাপন ও প্রতিস্থাপন
২. নিরাপদ পানি উৎপাদন ও ভূ-উপরিস্থ পানির ব্যবহার বৃদ্ধি।
৩. পাইপ লাইন মেরামত ও মিটারিং ব্যবস্থা চালুকরণ।
৪. প্রাতিষ্ঠানিক সক্ষমতা উন্নিতকরণ।

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ :

১. **দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন**
২. কর্মপদ্ধতি ও সেবার মানোন্নয়ন
৩. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন
৪. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৫. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন

## ১.৪ কার্যাবলি (Functions):

১. আবাসিক, দাপ্তরিক, শিল্প কারখানা ও বাণিজ্যিক প্রতিষ্ঠানে নিরাপদ সুপেয় পানি সরবরাহের উদ্দেশ্যে পানি উৎপাদন, সংরক্ষণ ও সরবরাহ এবং পয়ঃনিস্কাশন ব্যবস্থার জন্য প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ,উন্নয়ন, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ।
২. দীর্ঘমেয়াদী পানি সরবরাহ ও পয়ঃনিস্কাশন ব্যবস্থা উন্নয়নের জন্য সঠিক ও বাসস্তবসম্মত পরিকল্পনা গ্রহণ।
৩. নন রেভিনিউ ওয়াটার (NRW) যুক্তিসংগত মাত্রায় কমিয়ে রাজস্ব আদায় ব্যবস্থার উন্নয়ন ও রাজস্ব আয় বৃদ্ধি ।
৪. প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি করে মানসম্পন্ন গ্রাহক সেবা নিশ্চিতকরণ।

## সেকশন ২

## খুলনা ওয়াসার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicators) | একক (Unit) | প্রকৃত* | | লক্ষ্যমাত্রা ২০১৭-১৮ | প্রক্ষেপণ (Projection) | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র [source(s) of data] |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |

# সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন* | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ Target /Criteria Value for FY 2017-18) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৮-১৯ | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিমণ | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| **খুলনা ওয়াসার কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| ১। নিরাপদ পানি সরবরাহের লক্ষে পাইপ লাইন স্থাপন ও প্রতিস্থাপন | ২৯ | [১.১] পানির সংযোগ প্রদান | [১.১.১] পানির সংযোগ | সংখ্যা | ১০ | ৯২০ | ৯৫০ | ১০০৫ | ৯৮০ | ৯৫০ | ৯৩০ | ৯২০ | ১১০০ | ১৩০০ |
| | | [১.২] পাইপ লাইন স্থাপন ও প্রতিস্থাপন | [১.২.১] স্থাপিত ও প্রতিস্থাপিত পাইপ লাইন | কি:মি: | ৮ | ২৫ | ৫০ | ৭০ | ৬৩ | ৫৬ | ৪৯ | ৪২ | ৭০ | ২০ |
| | | [১.৩] পাইপ লাইনের মালামাল সংগ্রহ | [১.৩.১] সংগ্রহকৃত পাইপের মালামাল | কি:মি: | ৬ | ২৫ | ৫০ | ৭০ | ৬৩ | ৫৫ | ৪৪ | ৪২ | ৭০ | ২০ |
| | | [১.৪] পানি সংযোগ প্রদানের জন্য সার্ভিস লাইন নির্মাণ | [১.৪.১] স্থাপনকৃত সার্ভিস লাইন | কি:মি: | ৫ | ৪.৭৫ | ৫.৩০ | ৫.৮০ | ৫.২০ | ৫ | ৪.৮০ | ৪.৬০ | ৬.১০ | ৭.৫ |
| ২। নিরাপদ পানি উৎপাদন ও ভূ-উপরিস্থ পানির ব্যবহার বৃদ্ধি। | ২২ | [২.১] খুলনা শহরে নিরাপদ পানি উৎপাদন ও সরবরাহ | [২.১.১] উৎপাদিত পানি | দৈনিক মিলিয়ন লিটার | ৭ | ১১৬.৫০ | ১১৯.৫০ | ১২২.৫০ | ১২১.৫০ | ১২১ | ১২০ | ১১৯.৫০ | ১৬৭.০০ | ১৮৭.০০ |
| | | [২.২] গভীর উৎপাদক নলকূপ স্থাপন | [২.২.১] স্থাপিত নলকূপ | সংখ্যা | ৬ | ২ | ৩ | ১০ | ৮ | ৬ | ৫ | ৪ | ১০ | ৫ |
| | | [২.৩] সারফেস ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট নির্মান | [২.৩.১] পানি শোধনাগার | % | ৫ | ০ | ৪০ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২২ | ২০ | ০ |
| | | [২.৪] পানির গুণগত মান পরীক্ষকরণ | [২.৪.১] পানির নমুণা পরীক্ষা | সংখ্যা | ৪ | - | - | ৮৪ | ৭৫ | ৬৭ | ৫৯ | ৫১ | ৮৮ | ৯২ |
| ৩। পাইপ লাইন মেরামত ও মিটারিং ব্যবস্থা চালুকরণ | ১৮ | [৩.১] পাইপ লাইনে লিক মেরামত | [৩.১.১] মেরামতকৃত লিক | সংখ্যা | ৬ | ৯০ | ৯৫ | ৯৫ | ৯৩ | ৯২ | ৯১ | ৯০ | ৮৫ | ৭৫ |
| | | [৩.২] পাইপ লাইনের ক্ষতিগ্রস্থ অংশ প্রতিস্থাপন | [৩.২.১] প্রতিস্থাপনকৃত ক্ষতিগ্রস্থ পাইপ | মি: | ৬ | ৮০ | ৮২ | ৮২ | ৮১.৫০ | ৮১ | ৮০.৫০ | ৮০ | ৮০ | ৭০ |
| | | [৩.৩] মিটারবিহীন গ্রাহকের পানির সংযোগে মিটার স্থাপন | [৩.৩.১] স্থাপনকৃত মিটার | % | ৬ | ৫০ | ৫৫ | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৯০ | ১০০ |
| ৪। প্রাতিষ্ঠানিক সক্ষমতা উন্নিতকরণ | ১১ | [৪.১] রাজস্ব আদায়ের হার বৃদ্ধি করা | [৪.১.১] রাজস্ব আদায়ের হার | % | ৬ | ৯৩ | ৯৫ | ৯৬ | ৯৪.৭৫ | ৯৪.৫০ | ৯৪ | ৯৩ | ৯৬ | ৯৭ |
| | | [৪.২] কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ | [৪.২.১] প্রশিক্ষিত জনবল | সংখ্যা | ৫ | ৪৮ | ৫৯ | ৬০ | ৫৬ | ৫২ | ৫০ | ৪৮ | ৬০ | ৬২ |

# খুলনা ওয়াসার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান -২০১৭-১৮ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৪ | ২০১৭-১৮ অর্থ বছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল। | নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রণালয়/বিভাগে দাখিলকৃত | তারিখ | .৫ | ১৯ এপ্রিল | ২৩ এপ্রিল | ২৫ এপ্রিল | ২৬ এপ্রিল | ২৭ এপ্রিল |
| | | মাঠপর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গে ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | নির্ধারিত সময়সীমার মধ্যে চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১ | ১৫ জুন | ১৮ জুন | ১৯ জুন | ২০ জুন | ২১ জুন |
| | | খুলনা ওয়াসার ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল। | নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ১৬ জুলাই | ১৮ জুলাই | ১৯ জুলাই | ২০ জুলাই | ২৩ জুলাই |
| | | খুলনা ওয়াসার ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | .৫ | ৪ | ৩ | - | - | - |
| | | খুলনা ওয়াসার ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৪ জানুয়ারি | ১৬ জানুয়ারি | ১৮ জানুয়ারি | ২১ জানুয়ারি | ২২ জানুয়ারি |
| কর্মপদ্ধতি ও সেবার মানোন্নয়ন | ৯ | খুলনা ওয়াসায় ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ই-ফাইলে নথি নিস্পত্তিকৃত | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | খুলনা ওয়াসায় ইউনিকোড ব্যবহার নিশ্চিত করা | ইউনিকোড ব্যবহার নিশ্চিতকৃত | % | .৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়ন যুগপৎ জারি নিশ্চিতকরণ | পিআরএল ও ছুটি নগদায়ন যুগপৎ জারিকৃত | % | .৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | খুলনা ওয়াসায় সিটিজেন্স চার্টার অনুযায়ী সেবা প্রদান | প্রকাশিত সিটিজেন্স চার্টার অনুযায়ী সেবা প্রদানকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | খুলনা ওয়াসায় অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নিস্পত্তিকৃত অভিযোগ | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| | | খুলনা ওয়াসায় সেবার মান সম্পর্কে সেবা গ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | সেবার মান সম্পর্কে সেবা গ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ |
| | | খুলনা ওয়াসায় কমপক্ষে দুইটি অনলাইন সেবা চালু করা | কমপক্ষে দুইটি অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - |
| | | খুলনা ওয়াসায় কমপক্ষে ৩টি সেবা প্রক্রিয়া সহজীকৃত করণ | কমপক্ষে ৩টি সেবা প্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | ১৫ মার্চ | - |
| | | খুলনা ওয়াসায় উদ্ভাবনী উদ্যোগ ও Small Improvement Project (SIP) বাস্তবায়ন | উদ্ভাবনী উদ্যোগ ও SIP-সমূহের ডাটাবেজ প্রস্তুতকৃত | তারিখ | ১ | ৪ জানুয়ারি | ১১ জানুয়ারি | ১৮ জানুয়ারি | ২৫ জানুয়ারি | ৩১ জানুয়ারি |
| | | | উদ্ভাবনী উদ্যোগ ও SIP রেপ্লিকেটেড | সংখ্যা | ১ | ২৫ | ২০ | ১৫ | ১০ | |
| আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ৩ | খুলনা ওয়াসার অডিট আপত্তি নিস্পত্তি | অডিট আপত্তি নিস্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |

# খুলনা ওয়াসার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সুচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান -২০১৭-১৮ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| | | খুলনা ওয়াসার স্থাবর/অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | ১ | ১ফেব্রুয়ারি | ১৫ ফেব্রুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | ২৮ মার্চ | ১৫ এপ্রিল |
| | | | অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | .৫ | ১ফেব্রুয়ারি | ১৫ ফেব্রুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | ২৮ মার্চ | ১৫ এপ্রিল |
| | | খুলনা ওয়াসায় কল্যাণ কর্মকর্তা নিয়োগ করা | কল্যাণ কর্মকর্তা নিয়োগকৃত ও ওয়েব সাইটে প্রকাশিত | তারিখ | .৫ | ১৫ অক্টোবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০নভেম্বর | ১৪ ডিসেম্বর |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ২ | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময় | জনঘন্টা | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | খুলনা ওয়াসায় জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ২০১৭-১৮ অর্থ বছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রনিত ও দাখিলকৃত | তারিখ | .৫ | ১৩ জুলাই | ৩১ জুলাই | - | - | - |
| | | | নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | .৫ | ৪ | ৩ | - | - | - |
| তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | খুলনা ওয়াসায় তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | .৫ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ |
| | | খুলনা ওয়াসার স্বপ্রণোদিত তথ্য প্রকাশ | স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত | % | .৫ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ |
| | | খুলনা ওয়াসার বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ১৫ অক্টোবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০নভেম্বর | ১৪ ডিসেম্বর |

আমি, ব্যবস্থাপনা পরিচালক, খুলনা পানি সরবরাহ ও পয়:নিষ্কাশন কর্তৃপক্ষ (খুলনা ওয়াসা) এর প্রতিনিধি হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাণনীয় মন্ত্রীর প্রতিনিধি স্থানীয় সরকার বিভাগ এর সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, স্থানীয় সরকার বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাণনীয় মন্ত্রীর প্রতিনিধি হিসেবে ব্যবস্থাপনা পরিচালক, খুলনা ওয়াসার নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

ব্যবস্থাপনা পরিচালক
খুলনা ওয়াসা

তারিখ

সচিব
স্থানীয় সরকার বিভাগ,
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

তারিখ

**সংযোজনী-১**

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নং | শব্দ সংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | ওয়াসা (WASA) | ওয়াটার সাপ্লাই এন্ড সুয়ারেজ অথরিটি |
| ২ | মি: | মিটার |
| ৩ | কি: মি: | কিলোমিটার |
| ৪ | এডিপি | এ্যানুয়াল ডেভলপমেন্ট প্রোগ্রাম |
| ৫ | এনআরডাব্লু (NRW) | নন রেভিনিউ ওয়াটার |

## সংযোজনী-২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| [১.১] | পানির সংযোগ প্রদান | [১.১.১] পানির সংযোগ | খুলনা মহানগরীর আবাসিক ও বাণিজ্যিক এলাকায় পানির সংযোগ প্রদান। | খুলনা ওয়াসা | খুলনা ওয়াসার বার্ষিক প্রতিবেদন | |
| [১.২] | পাইপ লাইন স্থাপন ও প্রতিস্থাপন | [১.২.১] স্থাপিত ও প্রতিস্থাপিত পাইপ লাইন | পানি সরবরাহের লক্ষ্যে খুলনা মহানগরীতে বিভিন্ন ব্যাসের পাইপ ও ফিটিংস স্থাপন। | খুলনা ওয়াসা | খুলনা ওয়াসার বার্ষিক প্রতিবেদন | |
| [১.৩] | পাইপ লাইনের মালামাল সংগ্রহ | [১.৩.১] সংগ্রহকৃত পাইপের মালামাল | পানি সরবরাহের লক্ষ্যে বিভিন্ন ব্যাসের পাইপ ও ফিটিংস ক্রয়। | খুলনা ওয়াসা | খুলনা ওয়াসার বার্ষিক প্রতিবেদন | |
| [১.৪] | পানির সংযোগ প্রদানের জন্য সার্ভিস লাইন নির্মাণ | [১.৪.১]স্থাপনকৃত সার্ভিস লাইন | পানির সংযোগে সার্ভিস পাইপ লাইন স্থাপন। | খুলনা ওয়াসা | খুলনা ওয়াসার বার্ষিক প্রতিবেদন | |
| [২.১] | খুলনা শহরে নিরাপদ পানি উৎপাদন ও সরবরাহ | [২.১.১] উৎপাদিত পানি | খুলনা মহানগরীতে দৈনিক উৎপাদিত পানি সরবরাহ করা। | খুলনা ওয়াসা | খুলনা ওয়াসার বার্ষিক প্রতিবেদন | |
| [২.২] | গভীর উৎপাদক নলকূপ স্থাপন | [২.২.১] স্থাপিত নলকূপ | গভীর উৎপাদক নলকূপ স্থাপন করে খুলনা মহানগরীতে দৈনিক পানি সরবরাহ করা। | খুলনা ওয়াসা | খুলনা ওয়াসার বার্ষিক প্রতিবেদন | |
| [২.৩] | সারফেস ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট নির্মাণ | [২.৩.১] পানি শোধনাগার | ভূ-গর্ভস্থ পানির ব্যবহার হ্রাস করে ভূ-উপরিস্থ পানি শোধন করে সরবরাহ করা লক্ষ্যে পানি শোধনাগার নির্মাণ। | খুলনা ওয়াসা | খুলনা ওয়াসার বার্ষিক প্রতিবেদন | |
| [২.৪] | পানির গুণগত মান পরীক্ষাকরণ | [২.৪.১] পানির নমুণা পরীক্ষা | পানির গুণগত মান নিয়মিত পরিবীক্ষণ এর লক্ষ্যে ল্যাবরেটরীতে পানির নমুণা পরীক্ষা করা। | খুলনা ওয়াসা | খুলনা ওয়াসার বার্ষিক প্রতিবেদন | |
| [৩.১] | পাইপ লাইনে লিক মেরামত | [৩.১.১] মেরামতকৃত লিক | সরবরাহকৃত পানির পাইপ লাইনে লিক মেরামত। | খুলনা ওয়াসা | খুলনা ওয়াসার বার্ষিক প্রতিবেদন | |
| [৩.২] | পাইপ লাইনের ক্ষতিগ্রস্থ অংশ প্রতিস্থাপন | [৩.২.১] প্রতিস্থাপনকৃত ক্ষতিগ্রস্থ পাইপ | সরবরাহকৃত পানির ক্ষতিগ্রস্থ পাইপ মেরামতকালে প্রয়োজনে নতুন পাইপ প্রতিস্থাপন। | খুলনা ওয়াসা | খুলনা ওয়াসার বার্ষিক প্রতিবেদন | |
| [৩.৩] | মিটারবিহীন গ্রাহকের পানির সংযোগে মিটার স্থাপন | [৩.৩.১] স্থাপনকৃত মিটার | মিটারবিহীন পানির সংযোগের মধ্যে ৭০% সংযোগে পানির মিটার স্থাপন। | খুলনা ওয়াসা | খুলনা ওয়াসার বার্ষিক প্রতিবেদন | |
| [৪.১] | রাজস্ব আদায়ের হার বৃদ্ধি করা | [৪.১.১] রাজস্ব আদায়ে হার | রাজস্ব আদায় বৃদ্ধির লক্ষমাত্রা অনুযায়ী রাজস্ব আদায়ে সচেষ্ট হওয়া। | খুলনা ওয়াসা | খুলনা ওয়াসার বার্ষিক প্রতিবেদন | |
| [৪.২] | কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ | [৪.২.১] প্রশিক্ষিত জনবল | কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করে দক্ষতা বৃদ্ধি করা | খুলনা ওয়াসা | খুলনা ওয়াসার বার্ষিক প্রতিবেদন | |

## সংযোজনী ৩: অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা /প্রত্যাশা | চাহিদা /প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| খুলনা সিটি কর্পোরেশন | পাইপ লাইন স্থাপন ও প্রতিস্থাপন | স্থাপিত ও প্রতিস্থাপিত পাইপ লাইন | রাস্তা কাটার জন্য অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ। | পানি সরবরাহ পাইপ লাইন স্থাপনের জন্য। | পানি সরবরাহ কার্যক্রম বাধাগ্রস্থ হবে। |
| জেলা প্রশাসক, খুলনা | সারফেস ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট নির্মাণ | ভূমি অধিগ্রহণ | ভূমি অধিগ্রহণ কার্যক্রম দ্রুততার সাথে সম্পন্ন করা। | পানি সরবরাহ কার্যক্রম পরিচালনায় অধিগ্রহণকৃত জমিতে প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ। | পানি সরবরাহ কার্যক্রম বিলম্ব হবে। |

**বিষয়: ২০১৭-১৮ অর্থ বছরের খুলনা ওয়াসার বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) প্রনয়ণ প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে, **২০১৭-১৮** অর্থ বছরে স্থানীয় সরকার বিভাগের সহিত খুলনা ওয়াসার বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) যথাযথভাবে প্রস্তুত করে হার্ড কপি অত্রসাথ এবং সফট কপি ই-মেইলে সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনার্থে প্রেরণ করা হলো ।

সংযুক্তি: ১৩ (তের) পাতার ১ ফর্দ।

**(মোঃ আব্দুল্লাহ্, পি.ইঞ্জ)**
ব্যবস্থাপনা পরিচালক
খুলনা ওয়াসা, খুলনা।

সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃ:আ: -মো: জাহিদ হোসেন, উপ-সচিব, প্রশাসন শাখা-১, স্থানীয় সরকার বিভাগ।)